



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।



শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

প্রকা/শানিব্যউবি-১(১০২) এমসি-১৭/২০১৯-২০২০/১১৩৮

তারিখঃ ২৭.০২.২০২০

সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ মুজিব জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে লোগো ব্যবহার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন 'মুজিব শতবর্ষ' উপলক্ষে জাতীয়ভাবে লোগো প্রকাশ করা হয়েছে। একইসঙ্গে এই লোগো ব্যবহারের নির্দেশিকাও প্রকাশ করা হয়েছে। এই লোগো যাতে যত্রতত্র ব্যবহার না হয়, লোগোর অমর্যাদা না হয়ে সেজন্য এই লোগো যথাযথ নিয়ম অনুসরণ করে ব্যবহারের জন্য বলেছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি। লোগোটি যথাযথভাবে ব্যবহারের লক্ষ্যে নির্দেশিকা নিম্নরূপ :

০১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি নির্ধারিত রঙ, বর্ণবিন্যাস এবং আকৃতি ব্যতীত অন্য কোনও প্রকারে এই লোগো ব্যবহার করা যাবে না।
০২. সব সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান, সরকারি মালিকানাধীন কোম্পানি, সরকারি ও বেসরকারি আর্থিক প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, মিডিয়া ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সব ই-মেইল, সরকারি পত্র, স্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে মুজিববর্ষের লোগোটি ব্যবহার করা যাবে।
০৩. সরকারি মালিকানাধীন সব বাস, ট্রেন, দাফতরিক গাড়ি, নৌযান, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে চলমান বাংলাদেশ বিমান, সামরিক এয়ারক্রাফট এবং ক্রুজে উপযুক্ত স্থানে বিভিন্ন অনুষ্ঠানের পোস্টার, ব্যানার, ফেস্টুন ও সাজসজ্জায় মুজিববর্ষ লোগোর নির্দেশিকা অনুসরণ করে নির্ধারিত এবং আনুপাতিক হারে নামনিষ্ঠভাবে লোগোটি ব্যবহার করা যাবে।
০৪. জাতীয় দিবসের বিভিন্ন উপলক্ষে সরকারি-বেসরকারি প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে অভেছা কার্ড এবং আমন্ত্রণপত্রে উক্ত লোগো ব্যবহার করা যাবে।
০৫. জাতীয় পাঠ্যপুস্তক এবং সব সরকারি তথ্যবাতায়নে এই লোগো ব্যবহার করা যাবে।
০৬. সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেভার, নোটপ্যাড, স্টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি প্রচার সামগ্রীতে এই লোগো ব্যবহার করা যাবে।
০৭. কোনো ব্যক্তিগত বা বেসরকারি ব্যবসায়িক বা বাণিজ্যিক প্রোডাক্ট, সেবার উদ্দেশ্যে এই লোগো ব্যবহার করা যাবে না।
০৮. সিগারেট, অ্যালকোহল, আশ্লেয়াঙ্ক কিংবা অনুরূপ দ্রব্যাদিতে এই লোগো ব্যবহার করা যাবে না।
০৯. বিভিন্ন ক্রীড়া, সাহিত্য, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংস্থার অনুষ্ঠান আয়োজনে, প্রকাশনার ক্ষেত্রে লোগো ব্যবহার করা যাবে।
১০. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী জাতীয় পর্যায়ে সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে নির্বাচিত লোগোটি ২০২১ সালের ২৬ মার্চ পর্যন্ত ব্যবহার করা যাবে।

০৩। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনুমোদিত পত্র সংযুক্তিতে জেপিজি ফরমেটে লোগোটি অত্র ব্যাংকের সকল চিঠিপত্রের লেটার হেড প্যাডের ডান পাশে ব্যবহার করার জন্য পরামর্শ প্রদান করেছেন।


০৪। এখন হতে ব্যাংকের সকল কার্যালয়ের চিঠিপত্রসহ সম্ভাব্য সকল স্থানে লোগো ব্যবহার নিদেশিকা অনুসরণ করে উক্ত লোগো ব্যবহার করার জন্য অনুরোধ করা হলো।

০৫। বিষয়টি অতিব গুরুত্বপূর্ণ।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত


29/02/2020

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক


ফোনঃ ৯৫৭৪০২৫

প্রকা/শানিবাউবি-১(১০২) এমসি-১৭/২০১৯-২০২০/১১৩৮(১২৫০)

তারিখঃ ২৭.০২.২০২০

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক- নির্ধারিত সময়ের মধ্যে "মুজিব জন্ম শতবার্ষিকী পুরস্কার নীতিমালা-২০২০" অনুযায়ী যথাযথ করণীয় সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।— পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক- নির্ধারিত সময়ের মধ্যে "মুজিব জন্ম শতবার্ষিকী পুরস্কার নীতিমালা-২০২০" অনুযায়ী যথাযথ করণীয় সম্পাদনের জন্য পরামর্শ প্রদান করা হলো।
- ১০। নথি।


29.02.2020
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক